

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ৬৬

আরবি মূল আয়াত:

قَدْ كَانَتْ آيَاتِي تُتْلَى عَلَيْكُمْ فَكُنْتُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ تَنْكِصُونَ ﴿٦٦﴾

অনুবাদসমূহ:

আমার আয়াতসমূহ তোমাদের সামনে অবশ্যই তিলাওয়াত করা হত, তারপর তোমরা তোমাদের পেছন ফিরে চলে যেতে, — আল-বায়ান

আমার আয়াত তোমাদের কাছে পড়ে শোনানো হত, কিন্তু তোমরা গোড়ালির ভরে পিছনে ঘুরে দাঁড়াতে। — তাইসিরুল

আমার আয়াত তোমাদের কাছে পাঠ করা হত, কিন্তু তোমরা পিছন ফিরে সরে পড়তে — মুজিবুর রহমান

My verses had already been recited to you, but you were turning back on your heels — Sahih International

৬৬. আমার আয়াত তো তোমাদের কাছে তিলাওয়াত করা হত(১), কিন্তু তোমরা উল্টো পায়ে পিছনে সরে পড়তে—

(১) আয়াত বলে এখানে কুরআনের আয়াত বোঝানো হয়েছে। কারণ এখানে তিলাওয়াত করা বলা হয়েছে।
[কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৬৬) আমার আয়াত[১] তো তোমাদের কাছে আবৃত্তি করা হতো, কিন্তু তোমরা পিছন পায়ে ফিরে সরে পড়তে; [২]

[১] অর্থাৎ কুরআন মাজীদ বা আল্লাহর হুকুম আহকাম; যাতে নবী (সাঃ) এর বানীও शामिल।

[২] نُكُوصُ এর অর্থ পিছন পায়ে ফিরে সরে পড়া। কিন্তু রূপকভাবে মুখ ফিরিয়ে নেওয়া বা বৈমুখ হওয়ার অর্থে ব্যবহার হয়। অর্থাৎ, তোমরা আল্লাহর আয়াত ও হুকুম-আহকাম শুনে মুখ ফিরিয়ে নিতে ও সরে পড়তে।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন